

২০২০

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) জীবন ও সমাজের বিবিধ প্রতিকূলতার মুখে এক নারীর সংগ্রামের আখ্যান ‘সূর্যদীঘল বাড়ী’।— আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) ‘মহাকালের খাঁড়া’ গল্পের নামকরণ কতটা যুক্তিযুক্ত আলোচনা করো। ১০
- ২। (ক) ‘স্বাধীনতা তুমি’ কবিতায় কবি শামসুর রহমান ‘স্বাধীনতা’ বলতে কী বুঝিয়েছেন তা তোমার নিজের ভাষায় লেখো। ১০
- অথবা,
- (খ) ভাষা আন্দোলনের প্রেক্ষিতে লেখা ‘কবর’ নাটকটির নামকরণ কতখানি তাৎপর্যপূর্ণ ব্যাখ্যা করো। ১০
- ৩। (ক) ‘দ্বিজাতিতত্ত্বের সত্যমিথ্যা’ প্রবন্ধে সিরাজুল ইসলাম চৌধুরী দ্বিজাতিতত্ত্বের উৎপত্তি ও বিবর্তন সম্পর্কে যে-যে মতামত দিয়েছেন, সে সম্পর্কে আলোকপাত করো। ১০
- অথবা,
- (খ) ‘মুসলমানদের স্বদেশ প্রত্যাবর্তন’ প্রবন্ধ অনুসারে মুসলমানদের কোন মানসিকতার পরিবর্তন হয়েছিল এবং কীভাবে, তা আলোচনা করো। ১০
- ৪। (ক) ‘সূর্যদীঘল বাড়ী’ উপন্যাসে পঞ্চাশের মন্বন্তরের প্রভাব কতটা পড়েছে সংক্ষেপে লেখো। ৫
- অথবা,
- (খ) ‘খোয়াই নদীর বাঁকবদল’ গল্পে বাবার কাছে নফিজা ও ক্ষেতের জমি কেন সমীকৃত হল তা আলোচনা করে বুঝিয়ে দাও। ৫
- ৫। (ক) ‘আমি কিংবদন্তীর কথা বলছি’ কবিতা অবলম্বনে ‘কিংবদন্তী’ বলতে কী নির্দেশ করা হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) “গন্ধ শূঁকে তোমাদের গায়ে মুখে পাই মরার গন্ধ” — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ৫

Please Turn Over

৬। (ক) অ্যাংলো ইন্ডিয়ানদের অবস্থা কেন শোচনীয় হল তা সংশ্লিষ্ট প্রবন্ধটি অনুসরণে বুঝিয়ে দাও। ৫

অথবা,

(খ) হিন্দু-মুসলমানের ব্যবধানকে অস্বীকার করার ফল কী হয়েছিল? ৫

৭। (ক) ‘সূর্যদীঘল বাড়ী’-র ইতিহাস কেন ভীতিজনক? ৫

অথবা,

(খ) “টৌকাঠ ধরেছে এসে ননদীরা তোমার বয়সী/সমানত হয়ে শোনো সংসারের প্রথম সবক।”— প্রসঙ্গ নির্দেশ করে ‘সবক’-এর পরিচয় দাও। ৫

অথবা,

(গ) “নতুন একটা দ্বি-জাতি তত্ত্বের বিকাশ শুরু হলো বাঙালীদের মধ্যে”— প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো। ৫

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও। ১×১৫

(ক) জয়গুন ‘সূর্যদীঘল বাড়ী’-র কতটা অংশের মালিক?

(খ) ‘সূর্যদীঘল বাড়ী’-তে কেন মানুষ বাস করতে চায় না?

(গ) জয়গুন ও তার সঙ্গীরা তিনরকমের চাল একসঙ্গে মেশায় কেন?

(ঘ) ‘স্বাধীনতার বার্তা’ জয়গুনদের কোন্ স্বপ্ন দেখিয়েছে?

(ঙ) মনুমিয়া কেন নিজেকে রাজা ভাবছিল?

(চ) ‘সুন্দর মানুষ’ গল্পে কোন মহামানব ও তাঁর অনুগামীর কথা বলা হয়েছে?

(ছ) আসগরের প্রিয় খাবার কী কী?

(জ) ‘কাবিন’ ও ‘এবাদতনামা’ শব্দদুটির অর্থ লেখো।

(ঝ) মহাদেব সাহা কবিতার বিষয় হিসেবে কোন দুটিকে জুঁই ফুলের থেকেও জীবন্ত মনে করেছেন?

(ঞ) “পিস্তলের কেস এটা নয় স্যার।”— ‘কেস’-এর অর্থ লেখো।

(ট) “আমরা মরিনি। আমরা মরতে চাইনি। আমরা মরবো না।”— ‘আমরা’ কারা?

(ঠ) “অ্যাংলো ইন্ডিয়ানরা এদেশের সাথে আত্মীয়তা বোধ করতে না-পারার কারণ প্রধানত তিনটি।”— যে-কোনো একটি কারণ লেখো।

(ড) উচ্চশ্রেণির মুসলমানরা কোন জাতিতত্ত্ব প্রচার করতেন?

(ঢ) জিন্না চৌদ্দ দফাকে পরে এক দফায় এনেছিলেন। — সেটি কী?

(ণ) ডিজরেইলি কে?